# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 23-04-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---------------------------------------

(১) রাজ্যের দ্বিতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনের প্রচার অভিযান শেষ হওয়ার আগের দিনে আজ বিভিন্ন রাজনৈতিক দলের ব্যাপক প্রচার অভিযান/ শিলচরে বিজেপি নেতা সর্বানন্দ সনোয়াল। কংগ্রেস নেতা গৌরব গগৈ এবং তৃণমূল কংগ্রেসের দুই নেত্রী সায়নী ঘোষ ও সাগরিকা ঘোষের নির্বাচনী প্রচারে অংশগ্রহণ/

(২) ২০২৪-২৫ শিক্ষাবর্ষে উচ্চমাধ্যমিক প্রথম বর্ষে ছাত্রছাত্রীদের ভর্তির জন্য উচ্চতর মাধ্যমিক শিক্ষা পরিষদ ‘দর্পণ’ পোর্টালের আজ সূচনা/

এবং

(৩) আসাম লোকসেবা আয়োগের পরীক্ষা কেলেঙ্কারীর মামলা সম্পর্কে বিশেষ তদন্তকারী দলের গৌহাটি হাইকোর্টে তদন্তের প্রতিবেদন দাখিল/

---------------------------------------------------------------------------

লোকসভা নির্বাচনের দ্বিতীয় পর্যায়ে রাজ্যের পাঁচটি আসনে আগামী শুক্রবার অনুষ্ঠেয় ভোটগ্রহণের জন্য প্রচার অভিযানের আর মাত্র একদিন বাকি থাকা অবস্থায় এই নির্বাচন কেন্দ্রগুলিতে প্রচার অভিযান তুঙ্গে উঠেছে । এই পর্যায়ে

বরাক উপত্যকার দুটি আসন- শিলচর ও করিমগঞ্জ সহ নগাঁও, দরং-উদালগুড়ি এবং ডিফু লোকসভা আসনে ভোটগ্রহণ করা হবে । আগামীকাল প্রচার অভিযানের শেষ দিন হওয়ার পরিপ্রেক্ষিতে আজ সবকটি রাজনৈতিক দলের প্রার্থী ও নির্দল প্রার্থীরা নিজেদের সমর্থনে জোরদার প্রচার চালান ।

শিলচর লোকসভা আসনের বিজেপি প্রার্থী রাজ্যের বর্তমান মন্ত্রী পরিমল শুক্লবৈদ্যর হয়ে নির্বাচনী প্রচারে অংশ নিতে আজ রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী ও বর্তমান কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল শিলচরে এক সাংবাদিক সম্মেলনে অংশগ্রহণ করেন । শিলচরে দলীয় কার্যালয়ে আয়োজিত এই সম্মেলনে তিনি সাংবাদিকদের কাছে শিলচর তথা বরাক উপত্যকার উন্নয়নে বিজেপি নেতৃত্বাধীন কেন্দ্রীয় ও রাজ্যসরকারের রূপায়ণ করা বিভিন্ন প্রকল্পের বিষয়ে উল্লেখ করেন । রাজ্যে বিগত কংগ্রেস সরকারের আমলে বরাক উপত্যকার বিশেষ কোনো উন্নয়ন হয়নি বলে অভিযোগ করে শ্রী সনোয়াল রাজ্য তথা দেশের সার্বিক উন্নয়নে নতুন প্রজন্মকে বেশি সংখ্যায় ভোটদানের আহ্বান জানান। আজ সন্ধ্যায় দলীয় সভায় অংশগ্রহণ করে তিনি করিমগঞ্জ যাবেন। এবং আগামীকাল করিমগঞ্জে দলীয় প্রার্থী কৃপানাথ মালাহ্'র হয়ে নির্বাচনী প্রচারে অংশ নেবেন ।

এদিকে কংগ্রেসের সাংসদ ও প্রথমসারির নেতা গৌরব গগৈ আজ শিলচরে দলীয় প্রার্থী সূর্যকান্ত সরকারের হয়ে নির্বাচনী প্রচার চালিয়েছেন । তিনি আজ বিকেলে শিলচরের জেলা কংগ্রেস ভবন থেকে এক নির্বাচনী পদযাত্রায় অংশগ্রহণ করেন এই পদযাত্রা শহরের প্রধান প্রধান সড়কগুলি পরিক্রমা করে পরে রাঙ্গিরখাড়ির নেতাজী মূর্তির সামনে গিয়ে শেষ হয় ।

এছাড়া পশ্চিমবঙ্গ থেকে তৃণমূল কংগ্রেসের দুই নেত্রী অভিনেত্রী সায়নী ঘোষ ও সাংবাদিক সাগরিকা ঘোষ আজ শিলচরে দলীয় প্রার্থীর হয়ে নির্বাচনী প্রচার চালাচ্ছেন ।

অন্যদিকে শিলচর আসনে এস ইউ সি আই (সি) দলের প্রার্থী প্রভাস চন্দ্র সরকারকে নিয়ে দলীয় কর্মী-সমর্থকরা আজ শিলচরে ক্ষুদিরাম মূর্তির পাদদেশ থেকে অম্বিকাপট্টি পয়েন্ট পর্যন্ত একটি মিছিল করে প্রচার চালান । এছাড়াও আজ ভাগাবাজার, কাটিগড়া চৌরঙ্গী, তারণীপুর, শালগঙ্গা ও মধুরাপুল বাজারে

এদের উদ্যোগে পথসভার আয়োজন করা হয় । এই পথসভাগুলিতে এস ইউ সি আই নেতারা বর্তমান প্রধান দুটি রাজনৈতিক দল- কংগ্রেস ও বিজেপির নীতির কঠোর সমালোচনা করেছেন ।

এদিকে করিমগঞ্জ লোকসভা আসনের প্রার্থীদের প্রচার অভিযানও তুঙ্গে উঠেছে । আগামীকাল বিকেল পাঁচটায় প্রচার অভিযান শেষ হবার প্রাক্কালে রাজনৈতিক দলগুলির তৎপরতা জোরদার হয়েছে । গতকাল হাইলাকান্দির আলগাপুর বাজারে এ আই ইউ ডি এফ দলের প্রধান বদর উদ্দিন আজমল করিমগঞ্জ আসনের দলীয় প্রার্থী সাহাবুল ইসলাম চৌধুরীর হয়ে নির্বাচনী জনসভা করেন । অন্যদিকে করিমগঞ্জের বিজেপি প্রার্থী কৃপানাথ মালাহ্'র হয়ে রাজ্যের মন্ত্রী জয়ন্ত মল্ল বড়ুয়া গতকাল হাইলাকান্দি জেলার লালা শহরে রোড শো'য় অংশগ্রহণ করেন । লালা শহরের হাসপাতাল রোড থেকে আরম্ভ হয়ে এই পদযাত্রা পুরনো সার্কেল অফিসের সামনে এসে শেষ হয় । এছাড়াও অন্যান্য প্রার্থীরাও ঘরে ঘরে গিয়ে প্রচার, পথসভা, মাইকযোগে প্রচার ইত্যাদির মাধ্যমে ভোটারদের নিজেদের প্রতি আকৃষ্ট করার প্রয়াস করছেন ।

-----------------------------------------------------------------------

এদিকে দ্বিতীয় পর্যায়ে রাজ্যের অন্য তিনটি লোকসভা আসনে অনুষ্ঠেয় নির্বাচনের জন্যেও প্রচার অভিযান তীব্রতর হয়ে উঠেছে। নগাঁও আসনের বিজেপি প্রার্থী সুরেশ বরার হয়ে প্রচারে আজ অংশ নিয়েছেন রাজ্যের মুখ্যমন্ত্রী ও প্রবীণ বিজেপি নেতা ডঃ হিমন্তবিশ্ব শর্মা । নগাঁও জেলার জুরিয়াতে অনুষ্ঠিত এক নির্বাচনী সভায় ভাষণ প্রসঙ্গে ডঃ শর্মা সাধারণ মানুষের সমস্যার কথা উপলব্ধি করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন এন ডি এ সরকার তাদের প্রাপ্য সুবিধা প্রদান করছেন বলে মন্তব্য করেছেন। মুখ্যমন্ত্রী আজ দরং-উদালগুড়ি লোকসভা আসনের এন ডি এ প্রার্থী দিলীপ শইকিয়ার সমর্থনে সিপাঝাড়, মঙ্গলদৈ, নাগরিজুলিতে প্রচার চালান । এদিকে আসাম বিধানসভার অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারী ও বিটিআর প্রধান প্রমোদ বড়ো আজ উদালগুড়ি জেলার শিমূলগুড়িতে দরং-উদালগুড়ি আসনের বিপিএফ প্রার্থীর হয়ে প্রচার চালান । এছাড়া কংগ্রেস এবং আম আদমি পার্টির নেতারাও আজ দলীয় প্রার্থীদের হয়ে নির্বাচনী প্রচারে অংশ নিয়েছেন ।

---

আসামের দ্বিতীয় পর্যায়ের নির্বাচনের জন্য প্রচার অভিযান আগামীকাল শেষ হওয়ার পরিপ্রেক্ষিতে রাজ্যের মুখ্য নির্বাচনী কার্যালয় থেকে জারী করা এক বিবৃতিতে ভোটগ্রহণের ৪৮ ঘন্টা আগে প্রার্থীদের নির্বাচনী প্রচার শেষ করার নির্দেশ দেওয়া হয়েছে। সেই অনুসারে আগামীকাল বিকেল পাঁচটায় প্রার্থীদের নির্বাচনী প্রচার শেষ হবে । আগামীকাল বিকেল পাঁচটার পর কেউই নির্বাচনী প্রচার সম্পর্কিত সভা, শোভাযাত্রা ইত্যাদি আয়োজন করতে পারবে না । এছাড়া টেলিভিশন, সিনেমাটোগ্রাফ বা অন্য কোনো মাধ্যমেও নির্বাচনী প্রচার চালানোর ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারী করা হয়েছে । এই সময়ে কোনোধরণের সাংস্কৃতিক অনুষ্ঠান, নাট্যানুষ্ঠান বা যেকোনোধরণের মনোরঞ্জন মূলক অনুষ্ঠান আয়োজন করে নির্বাচন সম্পর্কিত প্রচারের দ্বারা জনসাধারণকে প্রভাবিত করার প্রয়াস করা যাবেনা বলেও এই বিবৃতিতে জানানো হয়েছে ।

---

দ্বিতীয় পর্যায়ের লোকসভা নির্বাচন অবাধ ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নির্বাচন কমিশন বিশেষ তৎপরতা গ্রহণ করেছে। এই অনুসারে প্রতিটি ভোটগ্রহণ কেন্দ্রে ভোটদাতাদের জন্য যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । নির্বাচনে স্পর্শকাতর ভোটকেন্দ্রগুলিতে ওয়েব কাস্টিংয়ের ব্যবস্থা ছাড়াও সি এ পি এফ বাহিনী মোতায়েনের ব্যবস্থা করা হয়েছে । এছাড়া ই ভি এম সমূহ আনা-নেওয়া করার বাহনগুলিতে জিপিএস লাগানো থাকবে।

---

অরুণাচলপ্রদেশের চারটি বিধানসভা আসনের আটটি ভোটগ্রহণ কেন্দ্রে আগামীকাল বিধানসভা ও লোকসভা নির্বাচনের ভোটগ্রহণ করা হবে । উল্লেখ্য এই ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে গত ১৯ শে এপ্রিল বিধানসভা ও লোকসভা নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হলেও নির্বাচন কমিশন পুনরায় ভোটগ্রহণের নির্দেশ দিয়েছে । রামেং ও নিয়াপিন বিধানসভা আসনের একটি করে ভোটগ্রহণ কেন্দ্র ,রুমগং আসনের দুটি এবং নাস বিধানসবা আসনের চারটি কেন্দ্রে পুনরায় ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে । সকাল ৬ টা থেকে দুপুর দুটো পর্যন্ত ভোটগ্রহণের সময় ধার্য করা হয়েছে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী হনুমান জয়ন্তী উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । শ্রী মোদী সামাজিক মাধ্যমে ভগবান হনুমানকে স্মরণ করে বলেছেন যে সব রাম ভক্তদের জন্য পবন পুত্রের নিষ্ঠা সর্বদা অনুপ্রেরণার উৎস হয়ে থাকবে । সেইসঙ্গে ভগবান হনুমানের আশীর্বাদে বিকশিত ভারতের সংকল্পে নতুন মাত্রা প্রদান করবে বলে তিনি আশা প্রকাশ করেন ।

---

আসাম লোকসেবা আয়োগের পরীক্ষা কেলেংকারীর মামলা  সম্পর্কে বিশেষ তদন্তকারী দল গৌহাটী হাইকোর্টে বন্ধ খামের মধ্যে তদন্তের অগগ্রগতির প্রতিবেদন দাখিল করেছে । উল্লেখ্য কমিশনের পরীক্ষায় অনিয়ম করে উত্তীর্ণ হয়ে একাংশ আধিকারিক চাকুরী লাভ করার বিষয় সম্পর্কে বিশেষ তদন্তকারী দল তদন্ত চালিয়ে আসছে । বিষয়টি সম্পর্কে তদন্ত করে দলটি বেশকয়েকজন ব্যাক্তিকে গ্রেপ্তার করা সহ কয়েকজনকে জেরা করেছিলো ।এরপর দলটি হাইকোর্টে তদন্তের অগ্রগতির প্রতিবেদন দাখিল করে ।

---

২০২৪-২৫ বর্ষে উচ্চতর মাধ্যমিক প্রথম বর্ষে নামভর্তির জন্য আসাম উচ্চতর মাধ্যমিক পরিষদের দর্পণ পোর্টেল আজ থেকে চালু করা হয়েছে । এসম্পর্কে শিক্ষা পরিষদের জারি করা নির্দেশ অনুসারে ছাত্র ছাত্রীরা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে নাম ভর্তির জন্য ডব্লিউ ডব্লিউ ডট দর্পণ এ এইচ এস ই সি অনলাইন ডট ইন অথবা ডব্লিউ ডব্লিউ ডট এ এইচ এস ই সি ডট আসাম ডট জি ও ভি ডট ইন এর মাধ্যমে আজ থেকে দোসরা মে পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবে । আবেদনের পর সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান তেসরা মে থেকে চৌঠা মের মধ্যে  ছাত্র ছাত্রীর মেরিট লিস্ট ও ওয়েটিং লিস্ট প্রস্তুত করবে । ৬ থেকে ৮ মের মধ্যে ছাত্র ছাত্রীদের শিক্ষাপ্রতিষ্ঠানগুলিতে নামভর্তি করতে হবে ।

---

আবহাওয়া বিজ্ঞান বিভাগ আগামীকাল পর্যন্ত উত্তর-পূর্বাঞ্চলে প্রবল বৃষ্টিপাতের পূর্বাবাস দিয়েছে ।এই সময়ে আসাম ,অরুণাচলপ্রদেশ ,মেঘালয় ,নাগালেন্ড ,

ত্রিপুরা ,মণিপুর ও মিজোরামে হালকা থেকে মাঝারী বৃষ্টিপাত হবার সম্ভাবনা রয়েছে ।সেইসঙ্গে আবহাওয়া বিজ্ঞান বিভাগ পূর্ব ভারতে পরবর্তী চারদিন পর্যন্ত গ্রীষ্ম প্রবাহের প্রকোপ অব্যাহত থাকবে এবং নতুন নতুন অঞ্চল গ্রীষ্ম প্রবাহের কবলে পরতে পারে বলে সতর্ক করেছে ।

---------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা ম্যাজিস্ট্রেট নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী বিভিন্ন রাজনৈতিক দল/প্রার্থীরা সংশ্লিষ্ট ভোট কেন্দ্র থেকে ২০০ মিটারের মধ্যে বুথ স্থাপন অথবা ভোটের আগে এবং ভোটের দিন মোটর-বাইক ইত্যাদির মতো দু-চাকার বাহন ব্যবহার, নির্বাচন কমিশনের স্থায়ী নির্দেশের পরিপন্থী কাজকর্ম,ভীতি প্রদর্শন, ইত্যাদি রোধকল্পে কাছাড় জেলা ম্যাজিস্ট্রেট রোহন কুমার ঝা, ভারতীয় ফৌজদারী কার্যবিধির অধীনে বেশ কিছু নিষেধাজ্ঞা জারি করেছেন । এই নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে -- কোনো ভোট কেন্দ্র থেকে 200 মিটারের মধ্যে কোনো বুথ স্থাপন করা যাবে না ।

প্রার্থীর নাম, তার/তার দল এবং তাকে বরাদ্দ করা নির্বাচনী প্রতীক এই জাতীয় প্রতিটি বুথে প্রদর্শনের জন্য শুধুমাত্র একটি ব্যানারের অনুমতি দেওয়া হবে, তবে শর্ত থাকবে যে এই ধরনের ব্যানার দৈর্ঘ্য এবং প্রস্থে 3 ফুট বাই 4/2 ফুটের বেশি হবে না । এই নিষেধাজ্ঞা লঙঘন করে যে কোন ব্যানার, পোস্টার, পতাকা, প্রতীক বা অন্য কোন প্রচার সামগ্রী স্থাপন করা হলে তা আইনশৃঙ্খলা রক্ষাকারী কর্তৃপক্ষ কর্তৃক অপসারণ করা হবে।

---------------------------------------------------------------------------

রাজ্যে দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ে অনুষ্ঠেয় নির্বাচনের প্রতি লক্ষ্য রেখে জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনসমূহ ভোটদাতাদের মধ্যে সচেতনতা সৃষ্টির জন্য ব্যাবস্থা গ্রহণ করা সহ নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের ঘটনা রোধে পদক্ষেপ গ্রহণ করেছে ।আজ বিকেলে করিমগঞ্জ জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে নির্বাচনী প্রস্তুতি সম্পর্কে এক সাংবাদিক সম্মলন অনুষ্ঠিত হয় । এই সাংবাদিক সম্মেলনে জেলা আয়ুক্ত মৃদুল যাদব ,পুলিশ সুপার পার্থপ্রতীম দাস সহ বেশকয়েকজন শীর্ষ আধিকারিক উপস্থিত ছিলেন ।করিমগঞ্জ লোকসভা আসনের চূড়ান্ত প্রস্তুতি নিয়ে জেলার নির্বাচন আধিকারিক জানান যে করিমগঞ্জ জেলার মোট ৪টি বিধানসভা আসনে মোট ভোটারের সংখ্যা ৯ লক্ষ ৩৫ হাজার ৮১৩ ।এরমধ্যে পুরুষ ভোটার ৪ লক্ষ ৭৫ হাজার ৩০৩ এবং

মহিলা ভোটার ৪ লক্ষ ৬০ হাজার ৪৯৯ জন ।তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন ১১ জন । ৮৫ বছর এবং এর চেয়ে অধিক বয়সের ভোটার ৮৯ জন । দিব্যাঙ্গ ভোটারের সংখ্যা ৪৩ জন । জেলা নির্বাচন আধিকারিক আরো জানান যে জেলায় মোট ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে ১ হাজার ৫৮ টি । এরমধ্যে মহিলা ভোটকর্মী পরিচালিত ভোটকেন্দ্র রয়েছে ১১ টি । মডেল ভোটগ্রহণ কেন্দ্র ১১ টি । ৫৮১ টি ভোটগ্রহণ কেন্দ্রে ওয়েব কাস্টিং রয়েছে । স্পর্শকাতর ভোট কেন্দ্র ৯৪ টি জেলার ৪টি বিধানসভা নির্বাচন এলাকার মধ্যে উত্তর-করিমগঞ্জে ৩০১টি , দক্ষিণ করিমগঞ্জে ৩১২ টি ,পাথারকান্দিতে ১৯৮ টি এবং রামকৃষ্ণনগরে ২৪৭টি ভোটকেন্দ্র রয়েছে । ভোটগ্রহণের কাজের তদারকির জন্য ১৫ জন জোনাল অফিসার নিযুক্ত করা হয়েছে । এছাড়া প্রতিটি বিধানসভা কেন্দ্র এলাকায় একজন করে ম্যাজিস্ট্রেট থাকবেন ।

---------------------------------------------------------------------------

করিমগন্জ লোকসভা আসনে স্বচ্ছ ও অবাধ নির্বাচন অনুষ্ঠিত করার স্বার্থে করিমগঞ্জ জেলা নির্বাচনী আচরণ বিধি কোষ এক নির্দেশ জারি করেছে । নির্দেশ অনুসারে আগামীকাল সন্ধ্যে ৫ টা থেকে জেলায় সব রাজনৈতিক প্রচার নিষিদ্ধ করা হয়েছে । এতে বলা হয়েছে যে আগামীকাল সন্ধ্যা ৫ টার পর সবধরণের রাজনৈতিক সমাবেশ , সভা ,শোভাযাত্রা ,শ্লোগান ,যানবাহনে মাইক্রোফোন ব্যাবহার করে রাজনৈতিক প্রচার ইত্যাদি নিষিদ্ধ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জের জেলা আয়ুক্ত লোকসভা নির্বাচনে ভোটকর্মীদের যানবাহন সুষ্ঠুভাবে চলাচলের জন্য আগামীকাল থেকে আগামী শনিবার পর্যন্ত করিমগঞ্জ শহরের এ ও সি পয়েন্ট থেকে জেলা আয়ুক্তের কার্যালয় পর্যন্ত সড়ক দিয়ে সবধরণের ই-রিক্সা , ই-অটো এবং পেট্রোল অটো চলাচল সম্পূর্ণভাবে বন্ধ রাখার নির্দেশ দিয়েছেন ।

---------------------------------------------------------------------------